

২০৬৮০



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ নরসিংদী-৯৯/ ৩২২০/২৬

তারিখঃ ২১.০১.২০১৯খ্রিঃ

বিষয়ঃ “রামনগর রহমানিয়া দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা” নামে নামকরণ প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং- বামাশিবো/প্রশা/৩১৫৫/৫ নথি নং- নরসিংদী-৯৯; তারিখ: ২৭/১১/২০১৮খ্রিঃ।

২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর : ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫৫.১৭/০৩; তারিখ : ০১/০১/২০১৯খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার রায়পুরা উপজেলাধীন “রামনগর রহমানিয়া দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা” নামে নামকরণের জন্য মাদ্রাসা সুপার প্রয়োজনীয় কাগজপত্র ও বোর্ড ফি সহ আবেদন করেছেন।

২) সুপারের আবেদনের সঙ্গে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায়, মাদ্রাসার বর্তমান নাম রামনগর রহমানিয়া দাখিল মাদ্রাসার স্থলে বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা নামকরণের লক্ষ্যে গত ২০/০৮/২০১৮ তারিখে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং ০১/০৮/২০১৮ তারিখে বীরশ্রেষ্ঠ মতিউর নগর জাদুঘর মাঠে এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বীর মুক্তিযোদ্ধা ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সর্ব সম্মতিক্রমে “রামনগর রহমানিয়া দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা” নাম করণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৩) প্রতিষ্ঠানের নামের পরিবর্তন বা নামের সংযোজন করে পুনরায় নামকরণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। বাংলাদেশ গেজেট ও জেলা প্রশাসকের প্রজ্ঞাপনের আলোকে রামনগর গ্রামটির নাম একজন বীরশ্রেষ্ঠের সম্মানে “বীরশ্রেষ্ঠ মতিউর নগর” নামকরণ করায় উক্ত মাদ্রাসার নাম পরিবর্তন করে “বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা” নামকরণের যৌক্তিকতা বিবেচনাযোগ্য হওয়ায় সূত্রোক্ত ১ নং স্মারকে নাম পরিবর্তনের বিষয়টি অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে পত্র প্রেরণ করা হলে সূত্রোক্ত ২ নং স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সম্মতি জ্ঞাপন করে অত্র বোর্ডে পত্র প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় “রামনগর রহমানিয়া দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা” নামে নামকরণ করা হলো এবং “বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা”, পো: বীরশ্রেষ্ঠ মতিউর নগর, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী, মাদ্রাসা কোড: ২০৬৮০, EIIN NO- ১৩০৬৪৭ পরিবর্তিত নামে সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
20.01.19

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

স্বাক্ষরঃ সুপার, বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা,  
ডাকঘর: বীরশ্রেষ্ঠ মতিউর নগর, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী।

নং-বামাশিবো/প্রশাসন/ নরসিংদী-৯৯/

তারিখঃ .০১.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (মাদ্রাসা ও কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, বেনবেইজ, নীলক্ষেত, ঢাকা। (আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত নথিতে/ফাইলে উল্লিখিত পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৫. জেলা প্রশাসক, নরসিংদী।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৭. উপ-রেজিস্ট্রার কমন্স, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৮. উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধ সহ)
১১. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়পুরা, নরসিংদী।
১৩. প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধ সহ)
১৪. সভাপতি, বীরশ্রেষ্ঠ মতিউর নগর দাখিল মাদ্রাসা, ডাকঘর: বীরশ্রেষ্ঠ মতিউর নগর, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী।
১৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪